

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৬৯

ধর্মনগর, ৬ ডিসেম্বর, ২০২৩

**উত্তর ত্রিপুরা জেলায় মৎস্যচাষীদের কিষাণ ক্রেডিট কার্ড**

উত্তর ত্রিপুরা জেলায় মৎস্যচাষীদের কিষাণ ক্রেডিট কার্ড দেওয়ার জন্য আজ জেলাভিত্তিক এক শিবির অনুষ্ঠিত হয়। ধর্মনগর মহকুমার উপ্তাখালি গ্রাম পঞ্চায়েতের কমিউনিটি হলে এই শিবিরটি অনুষ্ঠিত হয়। জেলাভিত্তিক এই শিবিরের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। শিবিরে জেলার ১৬০ জন মৎস্যচাষী অংশ নেন। শিবিরে ৬০ জন মৎস্যজীবী কিষাণ ক্রেডিট কার্ডের জন্য আবেদনপত্র জমা দিয়েছেন। শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস, জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাজল দাস, উপ্তাখালি গ্রাম পঞ্চায়েতের প্রধান মমতা দাস, উপপ্রধান করুণাসিন্ধু গোস্বামী, জেলা মৎস্য কার্যালয়ের উপঅধিকর্তা বিজয় রায়, এলডিএম প্রসূন দাস প্রমুখ।

\*\*\*\*\*